

প্রেস রিলিজ

০১ ডিসেম্বর ২০২৪

পরিকল্পিত কাঠামোই গবেষণার মূল ভিত্তি- বাউবি উপাচার্য



কোনো ক্ষেত্র বা বিষয় নিয়ে গবেষণা পরিচালনার জন্য একটি পরিকল্পিত কাঠামো অবশ্যকীয়। প্রস্তাবিত গবেষণার বিভিন্ন ধাপে সুলিখিত প্রবন্ধই গবেষণার প্রস্তাবপত্র। গবেষণার পূর্বে গবেষক যে খসড়া পরিকল্পনা করেন মূলত সেটাই গবেষণা প্রস্তাবনা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার ১ ডিসেম্বর ২০২৪; গাজীপুর ক্যাম্পাসে ই-লার্নিং সেন্টারে স্কুল অব বিজনেসের আয়োজনে সেমিনার অন এমফিল থিসিস-এ প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম এসব কথা বলেন।

স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক ড. মঈনুল ইসলামের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা: শামীম। গবেষণামূলক প্রবন্ধের নানা দিক তুলে ধরেন গবেষক প্রনব কুমার বৈষ্ণব।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮